

অবশিষ্ট ১১টি জেলায় নতুন যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন প্রকল্প :

বর্তমানে দেশের ৫৩টি জেলায় যুব প্রশিক্ষণ কেন্দ্র রয়েছে। অবশিষ্ট ১১টি জেলার বেকার যুবক ও যুবমহিলাদের গবাদিপশু, হাঁস-মুরগী পালন, মৎস্যচাষ ও কৃষি বিষয়ে আধুনিক প্রযুক্তি ব্যবহারের কলাকৌশল সম্পর্কিত আবাসিক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন ও প্রশিক্ষণ প্রদান এ প্রকল্পের লক্ষ্য। ১৪৬ কোটি ৩৬ লক্ষ ২৫ হাজার টাকা ব্যয়ে এ প্রকল্প গত ১৯-১০-২০১০ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে বিশেষ সংশোধনীর মাধ্যমে মোট প্রকল্প ব্যয় দাঁড়িয়েছে ২০১ কোটি ১২ লক্ষ টাকা। প্রকল্পের আওতায় গাজীপুর, মানিকগঞ্জ, রাজবাড়ী, নেত্রকোনা, জয়পুরহাট, নীলফামারী, চাঁপাইনবাবগঞ্জ, লক্ষ্মীপুর, চুয়াডাঙ্গা, মেহেরপুর ও সাতক্ষীরা জেলায় আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ করা হচ্ছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে দেশের ৬৪টি জেলাতেই আবাসিক যুব প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের কাজ সম্পন্ন হবে। ইতোমধ্যে এ প্রকল্পে জমি অধিগ্রহণ ৯০%, ভূমি উন্নয়ন কাজ ৫০.৯৪%, অফিসভবন নির্মাণ ৮১.৮৭%, বাসভবন নির্মাণ ৫৯.৫৬%, ছাত্রাবাস, ছাত্রীনিবাস, পোল্ট্রি শেড, কাউ শেড, অভ্যন্তরীণ রাস্তা নির্মাণসহ অন্যান্য কাজ ৩৫.৯৪% সমাপ্ত হয়েছে। বর্তমানে নির্মাণ কাজ দ্রুত এগিয়ে চলছে।

কার্যক্রম	লক্ষ্যমাত্রা	অগ্রগতি
মোট প্রকল্প ব্যয় (২০১০-২০১৬)	২০১১২.০০ লক্ষ টাকা।	৭৬০৭.৯১ লক্ষ টাকা।
২০১৩-২০১৪ অর্থ বছরে বরাদ্দ ও ব্যয়ের	৩১০০.০০ লক্ষ টাকা।	৩০৯১.৩৩ লক্ষ টাকা।
২০১৪-২০১৫ অর্থ বছরে বরাদ্দ	৮১০৮.০০ লক্ষ টাকা।	-